

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২০ মার্চ, ১৪২৬ বঙ্গাব্দ/০৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং-৩১-আইন/আয়কর/২০২০।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, মাওলানা হাসমত উল্লাহ দেওবন্দী ফাউন্ডেশন, অতঃপর উক্ত ফাউন্ডেশন বলিয়া উল্লিখিত, কর্তৃক দান বা অনুদান হিসেবে প্রাপ্ত আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, পাঁচ বৎসরের জন্য এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তাবলি:

- (ক) এই প্রজ্ঞাপনের মাধ্যমে কর অব্যাহতিপ্রাপ্ত আয় উক্ত ফাউন্ডেশনের জনকল্যাণমূলক কাজে ব্যয় করিতে হইবে; এবং
- (খ) উক্ত ফাউন্ডেশনকে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।